

রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - যাতে রোযা নষ্ট ও বাতিল হয় রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৮। নিয়ত বাতিল করা

নিয়ত প্রত্যেক ইবাদত তথা রোযার অন্যতম রুকন। আর সারা দিন সে নিয়ত নিরবচ্ছিন্নভাবে মনে জাগ্রত রাখতে হবে; যাতে রোযাদার রোযা না রাখার বা রোযা বাতিল করার কোন প্রকার দৃঢ় সংকল্প না করে বসে। বলা বাহুল্য, রোযা না রাখার নিয়ত করলে এবং তার নিয়ত বাতিল করে দিলে সারাদিন পানাহার আদি না করে উপবাস করলেও রোযা বাতিল গণ্য হবে।[1]

পক্ষান্তরে যে ব্যক্তি কিছু খাওয়া অথবা পান করার প্রাথমিক ইচ্ছা পোষণ করার পর ধৈর্য ধরে পানাহার করার ঐ ইচ্ছা বাতিল করে পানাহার করে না, সে ব্যক্তির কেবল রোযা ভাঙ্গার ইচ্ছা পোষণ করার ফলে রোযা নষ্ট হবে না; যতক্ষণ না সে সত্য সত্যই পানাহার করে নেবে। আর এর উদাহরণ সেই ব্যক্তির মত, যে নামাযে কথা বলার ইচ্ছা পোষণ করার পর কথা না বলে অথবা নামায পড়তে পড়তে হাওয়া ছাড়ার ইচ্ছা করার পর তা সামলে নিতে পারে। এমন ব্যক্তির যেমন নামায ও ওয়ু বাতিল নয়, ঠিক তেমনি ঐ রোযাদারের রোযা।[2]

ফুটনোট

- [1] (দ্রঃ ফিকহুস সুন্নাহ ১/৪১২, আশ্লারহুল মুমতে' ৬/৩৭৬, সাওমু রামাযান ২৪পৃঃ, ফাসিঃ জিরাইসী ৮পৃঃ)
- [2] (ইবনে উষাইমীন, ক্যাসেট, আহকামুন মিনাস সিয়াম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4082

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন